অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক শহরে 25 শতাংশ ধারণ ক্ষমতার সীমা সহকারে 30 সেপ্টেম্বর থেকে ইনডোর ডাইনিং শুরু করার অনুমতি দেওয়া হবে

তাপমাত্রা চেক, ট্রেসিং এর জন্য যোগাযোগ তথ্য, বসে না থাকা অবস্থায় মুখাবরণ এবং অন্যান্য নিরাপত্তা প্রোটোকল প্রয়োজন; বার সার্ভিস অনুমোদিত হবে না এবং মধ্যরাতের পর কোন সেবা প্রদান করা হবে না

নিউ ইয়র্ক সিটি মেনে চলা নিশ্চিত করতে 400 এনফোর্সমেন্ট পার্সোনেলের একটি দল প্রদান করবে

1 নভেম্বরের মধ্যে তথ্যের উপর ভিত্তি করে নির্দেশিকা পুনর্মূল্যায়ন করা হবে; যদি সংক্রমণের হার না বাড়ে, তাহলে রেস্টুরেন্টগুলো 50 শতাংশ ধারণ ক্ষমতা পর্যন্ত বাড়ানোর অনুমতি পেতে পারে; রাষ্ট্র সম্ভাব্য পুনর্মূল্যায়নের জন্য চলমান ভিত্তিতে যে কোন পজিটিভ হওয়ার হার বৃদ্ধি পর্যবেক্ষণ করবে

লঙ্ঘনের প্রতিবেদন করার জন্য রেস্টুরেন্টগুলোকে অবশ্যই তাদের ইনডোর ডাইনিং ক্ষমতা এবং ফোন নম্বর জনসম্মুখে পোস্ট করতে হবে; লঙ্ঘন পর্যবেক্ষণকারী পৃষ্ঠপোষকরা 833-208-4160 নম্বরে কল করে অথবা 855-904-5036 নম্বরে 'VIOLATION' লিখে সমস্যার রিপোর্ট করতে পারেন

গভর্নর নিউ ইয়র্ক স্টেট রেস্টুরেন্ট অ্যাসোসিয়েশনের সাথে 'নিউ ইয়র্কবাসীদের সুরক্ষায় নিউ ইয়র্কবাসীরা' PSA চালু করার ঘোষণা দিয়েছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক সিটির ইনডোর ডাইনিং 30শে সেপ্টেম্বর থেকে 25 শতাংশ দখলদারিত্বের সীমা সহিত পুনরায় খোলার অনুমতি দেওয়া হবে। যে সব রেস্টুরেন্ট পুনরায় খোলার সিদ্ধান্ত নেবে তারা কঠোর নিরাপত্তা প্রোটোকলের আওতাধীন হবে, যার মধ্যে রয়েছে তাপমাত্রা পরীক্ষা, ট্রেসিং এর জন্য যোগাযোগের তথ্য, বসে না থাকা অবস্থায় মুখাবরণ পরা এবং অন্যান্য নিরাপত্তা প্রোটোকল। বার সার্ভিস অনুমোদিত হবে না, এবং রেস্টুরেন্ট মধ্যরাতে বন্ধ হয়ে যাবে। 1 নভেম্বরের মধ্যে তথ্যের উপর ভিত্তি করে নির্দেশিকা পুনর্মূল্যায়ন করা হবে। যদি সংক্রমণের হার বৃদ্ধি না পায়, তাহলে রেস্টুরেন্টগুলোকে 50 শতাংশ ক্ষমতায় যাওয়ার

অনুমতি দেওয়া হতে পারে; রাষ্ট্র চলমান ভিত্তিতে যে কোন পজিটিভ হার বৃদ্ধি পর্যবেক্ষণ করবে এবং প্রয়োজনে সম্ভাব্য পুনর্মূল্যায়ন করবে। নিউ ইয়র্ক সিটিতে ইনডোর ডাইনিং এর জন্য ব্যবসায়িক নির্দেশিকা এখানে পাওয়া যাবে।

সিটি অফ নিউ ইয়র্কের 400 জন প্রয়োগকারী কর্মীর একটি দল স্টেট পুলিশ টাস্ক ফোর্সের সাথে কাজ করবে যাতে তারা মেনে চলা নিশ্চিত করতে পারে। রেস্টুরেন্টগুলোকে অবশ্যই প্রকাশ্যে তাদের 25 শতাংশ ইনডোর ডাইনিং ক্ষমতা এবং ফোন নম্বর এবং টেক্সট নম্বর পোস্ট করতে হবে লঙ্ঘনের রিপোর্ট করার জন্য। যেসব পৃষ্ঠপোষক লঙ্ঘন পর্যবেক্ষণ করেন তারা 833-208-4160 নম্বরে ফোন করে অথবা 855-904-5036 নম্বরে 'VIOLATION' লিখে সমস্যার কথা জানাতে পারেন।

"আমি নিউ ইয়র্কবাসীদের ধন্যবাদ জানাতে চাই মেনে চলা বৃদ্ধিতে তাদের কঠোর পরিশ্রমের জন্য, এবং আমরা এখন আমাদের রেস্টুরেন্ট পুনরায় খোলার পরবর্তী পদক্ষেপ নিতে পারি। আমরা স্টেকহোল্ডারদের সাথে কথা বলছি, এবং আমরা এখন ঘোষণা করছি যে এই মাসের শেষে সীমিত ক্ষমতায় নিউ ইয়র্ক সিটিতে ইনডোর ডাইনিং পুনরায় খুলতে পারব, যতক্ষণ তারা কঠোর স্বাস্থ্য এবং সুরক্ষা প্রোটোকল মেনে চলে," **গভর্নর কুওমো বলেছেন।** "এটি একটি সুখবর এবং সঠিক পদক্ষেপ, বিশেষ করে রেস্টুরেন্ট মালিক এবং কর্মচারীদের জন্য যারা এই সময়ের মধ্যে সংগ্রাম করছেন। কিন্তু মেনে চলা এবং আমাদের আশেপাশে যারা আছে তাদের স্বাস্থ্য এবং নিরাপত্তা নিশ্চিত করা আমাদের সবার দায়িত্ব।"

গভর্নর নিউ ইয়র্ক স্টেট রেস্টুরেন্ট অ্যাসোসিয়েশনের সাথে 'নিউ ইয়র্কবাসীদের সুরক্ষায় নিউ ইয়র্কবাসীরা' জনসেবা ঘোষণা (Public Service Announcement, PSA) চালু করার ঘোষণা দিয়েছেন।

<u>নিউ ইয়র্ক সিটিতে ইনডোর ডাইনিং এর জন্য নির্দেশিকা</u>

- 25 শতাংশ দখল সীমা
- সকল গ্রাহকের জন্য দরজায় তাপমাত্রা পরীক্ষা প্রয়োজন হবে
- প্রয়োজনে ট্রেসিং-এর জন্য প্রতিটি দলের একজন সদস্যকে যোগাযোগের তথ্য সরবরাহ করতে হবে
- কোন বার সার্ভিস থাকবে না - বার শুধুমাত্র সার্ভিস বার হিসেবে ব্যবহার করা হবে, যা পানীয় তৈরি এবং তাদের টেবিলসাইডে পরিবেশন করার একটি উৎস
- টেবিলে না বসে থাকা অবস্থায় মাস্ক সব সময় পরতে হবে
- টেবিল ছয় ফুট ব্যবধানে হতে হবে
- মধ্যরাতে রেস্টুরেন্ট বন্ধ হবে
    - সকল রাষ্ট্রীয় নির্দেশিকা কঠোরভাবে মেনে চলতে হবে
    - রেস্টুরেন্ট বর্ধিত এয়ার ফিল্ট্রেশন, ভেন্টিলেশন এবং শুদ্ধিকরণ মান সহকারে কাজ করা উচিত

- বায়ু সঞ্চালন সীমিত করতে হবে এবং বাইরের বায়ু চলাচলের ব্যবস্থা করতে হবে
- আউটডোর ডাইনিং অন্তর্বর্তীকালীনভাবে অব্যাহত থাকবে

নিউ ইয়র্ক স্টেট রেস্টুরেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মেলিসা ফ্লেইশুট বলেন, "আজকের ঘোষণাটি নিউ ইয়র্ক সিটির রেস্টুরেন্ট শিল্পের জন্য একটি গুরুত্বপূর্ণ সময়ে এসেছে, এবং আমরা গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই এই বিষয়টি স্বীকার করার জন্য এবং বিশ্বের রান্নার রাজধানীতে অবস্থিত হাজার হাজার রেস্টুরেন্টকে আশা প্রদান করার জন্য। রেস্টুরেন্টগুলোকে সীমিত ক্ষমতায় ইনডোরে খোলার অনুমতি দিলে এই খাবার ব্যবসাগুলো অর্থনৈতিক জীবনরেখা ফিরে পাবে, যখন তারা সবাই এই মহামারীর মধ্যে তাদের দরজা খোলা রাখার চেষ্টা করছে। নিউ ইয়র্ক সিটির সকল রেস্টুরেন্ট যাতে নিয়ম বুঝতে পারে তা নিশ্চিত করতে আমরা আনন্দের সাথে সংশ্লিষ্ট সরকারি সংস্থা এবং আতিথেয়তা অংশীদারদের সাথে কাজ করব।"

নিউ ইয়র্ক স্টেট রেস্টুরেন্ট অ্যাসোসিয়েশনের নিউ ইয়র্ক সিটি চ্যাপ্টারের ভাইস প্রেসিডেন্ট জেরেমি মেরিন; হাভানা সেন্ট্রাল রেস্টুরেন্ট গ্রুপের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, "নিউ ইয়র্ক সিটিতে ইনডোর ডাইনিং-এর জন্য 25 শতাংশ ধারণ ক্ষমতায় রেস্টুরেন্ট পুনরায় খোলার পরিকল্পনা করার জন্য আমরা গভর্নর কুওমোর কাছে কৃতজ্ঞ। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে বেশীরভাগ রেস্টুরেন্ট মালিক এই সুযোগকে গুরুত্বের সাথে গ্রহণ করবে এবং রোগ নিয়ন্ত্রণ কেন্দ্রের (Center for Disease Control, CDC) নীতিমালা এবং স্বাস্থ্য বিভাগের (Department of Health, DOH) সকল নির্দেশিকা মেনে চলবে। এই পরিকল্পনার মাধ্যমে নিউ ইয়র্ক সিটিতে খেতে যাওয়া খুবই নিরাপদ হবে। আমরা গভর্নর এবং মেয়রের সাথে কাজ করার জন্য উদগ্রীব যাতে ইনডোর ডাইনিং সফল হয়।"

ড্যানি মেয়ার, ইউনিয়ন স্কয়ার হসপিটালিটি গ্রুপের প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, "একটি রেস্টুরেন্ট চালানো হল ভালোবাসার শ্রম, এবং অনেক সহকর্মী এবং কর্মীদের সাথে, আমরা এই মহামারীর অতুলনীয় চ্যালেঞ্জের মধ্যে দিয়ে সংগ্রাম করেছি, আমাদের সর্বোচ্চ চেষ্টা করছি ক্ষুধার্ত নিউ ইয়র্কবাসীদের নিরাপদে আতিথেয়তা প্রদানের জন্য, কার্বসাইড পিকআপ, ডেলিভারি এবং আউটডোর স্পেসের মাধ্যমে, আমরা জানি না আমরা আর কতদিন যেতে পারি। আমি আমার সহকর্মীদের সাথে যোগ দিচ্ছি ইনডোর ডাইনিং-এর জন্য একটি বুদ্ধিমান সমাধান প্রদান করার মাধ্যমে নিরাপদ এবং ধাপে ধাপে পুনরুদ্ধারের সুযোগ তৈরি করার জন্য গভর্নরকে ধন্যবাদ জানানোয় এবং আমাদের গ্রাহক এবং কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে সবার সাথে কাজ করার জন্য উদগ্রীব হয়ে আছি। এটি আমাদের দলের আরো সদস্য পুনরায় নিয়োগ, আমাদের সরবরাহকারীদের সাথে আরো ব্যবসা করা এবং নিউ ইয়র্কবাসীদের আবারও নিউ ইয়র্কে স্বাগত জানানোর একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ।"

নিউ ইয়র্ক সিটি হসপিটালিটি অ্যালায়েন্সের নির্বাহী পরিচালক অ্যান্ড্রু রিজি বলেন, "নিউ ইয়র্ক সিটির রেস্টুরেন্ট শিল্প COVID-19 মহামারী দ্বারা আর্থিকভাবে বিধ্বস্ত হয়েছে এবং এই গুরুত্বপূর্ণ ক্ষুদ্র ব্যবসা এবং চাকুরী বাঁচাতে সাহায্য করার জন্য ইনডোর ডাইনিং-এ নিরাপদে ফিরে আসা

অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভবিষ্যতে সম্প্রসারণের ব্লু-প্রিন্ট নিয়ে ইনডোর ডাইনিং-এ ফিরে আসার ঘোষণা দেওয়ার জন্য আমরা গভর্নর কুওমোর কাছে কৃতজ্ঞ। রেস্টুরেন্ট নিউ ইয়র্কের অর্থনৈতিক এবং সামাজিক ব্যবস্থার জন্য অপরিহার্য, এবং ইনডোর ডাইনিং এই শিল্প পুনরুদ্ধারের একটি প্রধান উপাদান।"

ফিড দ্য ফ্রন্টলাইনস এনওয়াইসি এর সহ-প্রতিষ্ঠাতা ইসাবেলা ডি পিয়েত্রো বলেন, "নিউ ইয়র্ক সিটির রেস্টুরেন্টকর্মীরা তাদের পরিবার এবং সম্প্রদায়ের সেবা করতে উদ্বিগ্ন, এবং আমরা আনন্দিত যে আজ গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে আবার ইনডোর ডাইনিং শুরু হতে পারে। রেস্টুরেন্টের কাজ নিউ ইয়র্ক সিটিতে অগণিত মানুষের আয়ের একটি দীর্ঘদিনের উৎস এবং এটা অপরিহার্য যে আগামী শীতকালীন মাসগুলোতে তা দমিয়ে রাখা হবে না। আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই আমাদের শহর জুড়ে ক্ষুদ্র ব্যবসায়ী এবং রেস্টুরেন্ট কর্মীদের সমর্থনে ব্যবস্থা নেওয়ার জন্য।"

তারালুচি ই ভিনোর প্রতিষ্ঠাতা লুকা ডি পিয়েত্রো বলেন, "রেস্টুরেন্ট শিল্প নিউ ইয়র্ক শহর জুড়ে কর্মী এবং তাদের পরিবারকে সমর্থন করে এবং আমি আনন্দিত যে গভর্নর কুওমো আজ ইনডোর ডাইনিং পুনরায় খোলার ঘোষণা দিয়েছেন। শীতের শুরুতে রেস্টুরেন্টের কর্মীদের ইনডোর ডাইনিং থেকে আয় অব্যাহত রাখা অপরিহার্য করে তোলে, এবং নতুন রাষ্ট্রীয় নির্দেশিকা নিশ্চিত করবে যে কর্মী এবং অতিথিরা নিরাপদে আছেন যখন এই মহামারীর মধ্যে শিল্পটি টিকে থাকার চেষ্টা করছে।"

শন ফিনি, সহ-প্রতিষ্ঠাতা গ্রোভহাউস; মালিক, লিলিয়া এবং মিসি বলেন, "আমরা কৃতজ্ঞ যে গভর্নর কুওমো আমাদের টেবিলে স্বাগত জানিয়েছেন এবং ইনডোর ডাইনিংকে আবার বাস্তবে পরিণত করতে আমাদের সাথে কাজ করেছেন। আমরা খুব শীঘ্রই আমাদের রেস্টুরেন্টে আমাদের দল এবং অতিথিদের স্বাগত জানানোর জন্য অপেক্ষা করতে পারছি না। নিউ ইয়র্ক সিটি সবসময় ফিরে আসে। এবার আমরা একসাথে একে পুনর্নির্মাণ করব এবং আমাদের শহরকে নিরাপদে পুনর্নির্মাণ করব যাতে সবার জন্য স্বাধীনতা এবং ন্যায়বিচার রক্ষা হয়।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন